

24

**সরকারি মাধ্যমিক শিক্ষক
সমিতির ত্রিবার্ষিক জাতীয়
সম্মেলন সেপ্টেম্বরে**

বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির ত্রিবার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলন আগামী সেপ্টেম্বর মাসে হবে। সম্মেলনকে সফল করার লক্ষ্যে শুক্রবার ঢাকা হু গভঃ ল্যাবরেটরি হাইস্কুলে সমিতির কেন্দ্রীয় কমিটি, আঞ্চলিক কমিটি, মহানগর কমিটি এবং ঢাকা মহানগরস্থ সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকদের সম্মুখে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সমিতির কেন্দ্রীয় সভাপতি মোঃ মতিউর রহমানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন কেন্দ্রীয় মহাসচিব মোঃ শামসুল হক, মোঃ আবদুস সোবাহান, মোস্তাফিজুর রহমান, আঃ আজিজ, মালেকা বানু, মোঃ ইনসান আলী, মোঃ গনি মিয়া বাবুল, মোঃ বাহাউদ্দিন প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।